

বঙ্গভবন, ০৯ অক্টোবর ২০২২:

আজ বাদ আছর বঙ্গভবনে দরবার হলে ইদ-ই-মিলাদুন্নবী উপলক্ষে বিশেষ দোয়া ও মিলাদ মাহফিলের আয়োজন করা হয়। রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ মিলাদ ও দোয়া মাহফিলে অংশগ্রহণ করেন।

মিলাদ মাহফিলের পূর্বে মন্ত্রিপরিষদ সচিদ খন্দকার আনোয়ারুল ইসলাম ইদ-ই-মিলাদুন্নবীর গুরুত্ব ও তাৎপর্য এবং মহানবী হযরত মোহাম্মদ (সাঃ) এর জীবন ও কর্ম সম্পর্কে বক্তব্য রাখেন। মাহফিলে ধর্ম প্রতিমন্ত্রী মোঃ ফরিদুল হক খান, সংসদ সদস্য রেজওয়ান আহাম্মদ তৌফিক, রাষ্ট্রপতির পরিবারের সদস্য, তিন বাহিনীর ভারপ্রাপ্ত প্রধান, রাষ্ট্রপতির সচিবগণসহ বঙ্গভবনের সামরিক ও বেসামরিক কর্মকর্তা ও কর্মচারীরা অংশ নেন।

মিলাদের পর দেশের শান্তি ও সমৃদ্ধি, জনগণের কল্যাণসহ মুসলিম উম্মাহর বৃহত্তর ঐক্য কামনা করে আল্লাহর দরবারে বিশেষ মোনাজাত করা হয়। মোনাজাতে ১৯৭৫ সালের ১৫ আগস্ট কালরাতে শাহাদাৎবরণকারী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের সদস্যসহ ১৯৭১ সালের মুক্তিযুদ্ধ এবং বিভিন্ন গণতান্ত্রিক আন্দোলনে শহিদদের রুহের মাগফিরাত কামনা করা হয়।

মিলাদ মাহফিল ও মোনাজাত পরিচালনা করেন বঙ্গভবন মসজিদের পেশ ইমাম সাইফুল কাবির।